# এইসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**অর্থনীতি-প্রথম পত্র** বিষয় কোড : | ১ | ০ | ৯ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১▶জনাব মুকুল 'A' দেশে বাংলাদেশি দূতাবাসের একজন কর্মকর্তা হিসেবে নিয়োগ পেলেন। তিনি দেখতে পেলেন 'A' দেশে সকল সম্পদের মালিক রাষ্ট্র। সে দেশের নাগরিকেরা যোগ্যতা অনুযায়ী কাজ করেন এবং কাজের পরিমাণ অনুযায়ী মজুরি পান। সেখানে কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে উৎপাদন ও বণ্টন পরিচালিত হয়। অথচ বাংলাদেশের পরিস্থিতি সম্পূর্ণ ভিন্ন।

ক. নির্বাচন বলতে কী বোঝায়? ১

খ. 'সম্পদের ব্যক্তি মালিকানা ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় শ্রেণি বৈষম্য সৃষ্টি করে'—ব্যাখ্যা করো। ২

গ. 'A' দেশে প্রচলিত অর্থব্যবস্থা কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ৩

ঘ. 'A' দেশে বাংলাদেশের অনুরূপ অর্থনৈতিক ব্যবস্থা প্রচলন করতে হলে কী কী ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো? ৪

২▶মি. রহিম একজন যুক্তিবাদী কৃষক। তার ১০ একর জমির ধান ও পাট উৎপাদন নিম্নরূপ—

| জমির পরিমাণ | ধান মে. টন | পাট মে. টন |
|---|---|---|
| ১০ (একর) | ৩০ | ০ |
| ১০ " | ২৫ | ১৫ |
| ১০ " | ২০ | ২৫ |
| ১০ " | ১০ | ৩০ |
| ১০ " | ০ | ৩২ |

ক. নির্দেশমূলক অর্থব্যবস্থা কাকে বলে? ১

খ. 'দুষ্প্রাপ্যতা ও নির্বাচন' কীভাবে সম্পর্কিত? ২

গ. মি. রহিমের ধান ও পাটের উৎপাদন সম্ভাবনা রেখাটি উদ্দীপকের ভিত্তিতে অঙ্কন করো। ৩

ঘ. উদ্দীপকে মি. রহিম ১০ মে. টন ধানে ১৫ মে. টন পাট উৎপাদন করবে না কেন? মতামত দাও। ৪

৩▶ বিভিন্ন দামে লেবুর চাহিদা ও যোগান সূচি নিম্নরূপ:-

| দাম (টাকায়) | মোট চাহিদা (একক) | মোট যোগান (একক) |
|---|---|---|
| ২ | ৯০ | ৩০ |
| ৪ | ৬০ | ৬০ |
| ৬ | ৩০ | ৯০ |

ক. প্রান্তিক উপযোগ কী? ১

খ. চাহিদার ওপর প্রভাব বিস্তারকারী দুটি উপাদানের ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে চিত্রের সাহায্যে লেবুর ভারসাম্য দাম ও পরিমাণ চিত্রে দেখাও। ৩

ঘ. লেবুর দাম ও চাহিদা অপরিবর্তিত থেকে যোগান যথাক্রমে ৪০, ৭০ এবং ১০০ একক হলে ভারসাম্যের ওপর কিরূপ প্রভাব পড়বে তা চিত্রের মাধ্যমে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৪ ▶

| উৎপাদন (Q) (একক) | মোট স্থির ব্যয় (TFC) (টাকা) | মোট পরিবর্তনশীল ব্যয় (TVC) (টাকা) |
|---|---|---|
| ১ | ১০০ | ৬০ |
| ২ | ১০০ | ১০০ |
| ৩ | ১০০ | ২৬০ |
| ৪ | ১০০ | ৫০০ |

ক. অর্থনীতিতে উৎপাদন বলতে কী বোঝায়? ১
খ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান'— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপক থেকে গড় স্থির ব্যয় (AFC) রেখা অঙ্কন করে রেখাটির আকৃতির ওপর মন্তব্য করো। ৪

৫ ▶ রিয়া বাবার সাথে ট্রেনের টিকিট কাটতে কমলাপুর রেলওয়ে স্টেশনে গেল। প্রচণ্ড ভিড় এড়িয়ে তারা যখন টিকিটটি পেল তখন আনন্দের আর সীমা রইল না রিয়ার। কেননা সে দাদীর সাথে ঈদ উদযাপন করতে পারবে। বাবাকে রিয়া জিজ্ঞাসা করলো কেন আমাদের বাংলাদেশ রেলওয়ে থেকেই টিকেটটি কিনতে হবে? বাবা বাজার সম্পর্কে তাকে কিছুটা ধারণা দিয়ে বলল তোমাকে বিভিন্ন ব্রান্ডের কলম কিনে দিলেও এক্ষেত্রে সেটির কোন সুযোগ নেই।
ক. বাজার ধারণা কয়টি মৌলিক বিষয় কাজ করে? ১
খ. চাহিদা ও যোগান শক্তি দ্বারা কীভাবে দাম নির্ধারিত হয়? ২
গ. উদ্দীপকে রিয়া বাবার সাথে যেখানে গিয়েছিল সেটি কোন বাজারের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. রিয়ার বাবা রিয়াকে যে দ্রব্যটি কিনে দেন সেই বাজারে ক্রেতা কি বেশি সুবিধা ভোগ করবে? মতামত দাও। ৪

৬ ▶ সাজ্জাদ সাহেব মাসিক ৪০,০০০ টাকা মজুরিতে একটি প্রতিষ্ঠানে চাকুরিতে যোগদান করেন। এর বাইরে তিনি আর কোনো সুযোগ-সুবিধা পান না। কিন্তু তাঁর বন্ধু আলীম সাহেব মাসিক ৩০,০০০ টাকা মজুরিতে অপর একটি প্রতিষ্ঠানে যোগদান করেন। বেতনের পাশাপাশি আলীম সাহেব প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ ৮,০০০ টাকা, চিকিৎসা ব্যয় বাবদ ৪,০০০ টাকা এবং টেলিফোন বিল বাবদ ১,৫০০ টাকার অতিরিক্ত সুবিধা পান। ঐ সময়ে দেশের দামস্তর ১০০ টাকা।
ক. শ্রমের চাহিদা বলতে কী বোঝায়? ১
খ. শ্রমের ব্যক্তিগত যোগান রেখা পশ্চাৎমুখী হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. আলীম সাহেবের প্রকৃত মজুরি নির্ণয় করো। ৩
ঘ. আওতা, হিসাব করা নীতি নির্ধারণ ও অর্থনৈতিক তাৎপর্যের প্রেক্ষিতে সাজ্জাদ সাহেব ও আলীম সাহেবের মজুরির মধ্যে তুলনা করো। ৪

৭ ▶ জসিম উত্তরাধিকার সূত্রে একটি ইট ভাটার মালিকানা লাভ করে। সম্প্রতি দেশে পাকা ইমারত নির্মাণের কাজ বৃদ্ধি পাওয়ায় ইটের চাহিদা অনেক বেড়ে গেছে। এ বাড়তি চাহিদা পূরণের জন্য প্রথম পর্যায়ে সে ইট পোড়ানোর কাজে কয়লার ব্যবহার বৃদ্ধি করে। সর্বশেষে তার সঞ্চিত অর্থ ব্যয় করে আরও কিছু নতুন মেশিন ক্রয় করে ইট ভাটায় সংযোজন করে।
ক. উৎপাদনের উপকরণ কী? ১
খ. সেগুন কাঠ দিয়ে খাট তৈরি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. জসিমের প্রথম পর্যায়ের কাজটি অর্থনীতির পরিভাষায় ব্যাখ্যা করো। ৩
ঘ. জসিমের শেষের কাজটি মূলধন গঠনের সাথে কতটা সম্পর্কযুক্ত বলে মনে করো? মতামত দাও। ৪

৮▶ গ্রামের গরিব অসহায় নারীদের কর্মমুখী করার ক্ষেত্রে সরকারি সংস্থাগুলোর পাশাপাশি বেসরকারি সংস্থাগুলোর ভূমিকা অপরিসীম। বাংলাদেশে এসব সংস্থা নারী উন্নয়নে বিশেষ নজর দিচ্ছে। সংস্থাগুলো পরামর্শ দেওয়া থেকে শুরু করে ঋণসুবিধা ও ব্যবসায় পরিচালনা সংক্রান্ত সকল সুবিধা দিচ্ছে।
ক. NGO এর পূর্ণরূপ কী? ১
খ. উদ্যোক্তার সামাজিক মর্যাদা বৃদ্ধি পায় কীভাবে? ২
গ. উদ্দীপকে যে ধরনের সংস্থার কথা উল্লেখ করা হয়েছে? বাংলাদেশে সংগঠন হিসেবে উক্ত সংস্থার ভূমিকা বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নারীদের আর্থসামাজিক উন্নয়নে উক্ত সংস্থার ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯▶ একটি কৃষি খামারে জমি ব্যবহারের জন্য প্রাপ্য আয় ৩,০০০ টাকা, মূলধন বিনিয়োগ বাবদ সুদ ২,০০০ টাকা, প্রাপ্য মজুরি ১,৪০০ টাকা, মালিক কর্তৃক সরকারকে প্রদত্ত কর ১,৬০০ টাকা এবং ঝুঁকি গ্রহণের জন্য মুনাফা ৪,০০০ টাকা।
ক. অর্থনীতিতে খাজনা কী? ১
খ. অনুপার্জিত আয় কীভাবে উদ্ভব হয়? ২
গ. উদ্দীপক অনুসারে মোট খাজনা নির্ণয় করো। ৩
ঘ. কৃষি খামারটির নিট খাজনা নির্ণয় করে মোট খাজনার সাথে পার্থক্য লেখ। ৪

১০▶ নিচে একটি দেশের সামগ্রিক আয় (Y), মোট সঞ্চয় (S) ও মোট বিনিয়োগ (I) এর একটি সূচি দেওয়া হয়েছে। সূচিটি পর্যালোচনা করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| সামগ্রিক আয় (Y) (কোটি টাকায়) | মোট সঞ্চয় (S) (কোটি টাকায়) | মোট বিনিয়োগ (I) (কোটি টাকায়) |
|---|---|---|
| 2,000 | 1,000 | 2,000 |
| 4,000 | 2,000 | 2,000 |
| 6,000 | 3,000 | 2,000 |

ক. মূলধনের প্রান্তিক দক্ষতা কী? ১
খ. প্রান্তিক ভোগ প্রবণতা 1 থেকে কম (MPC < 1) হয় কেন? ২
গ. ভারসাম্য আয়স্তর কীভাবে অর্জিত হয় তা প্রদত্ত সূচির ভিত্তিতে ব্যাখ্যা করো। ৩
ঘ. সূচির ভিত্তিতে অঙ্কিত রেখাচিত্রের মাধ্যমে ভারসাম্য আয়স্তর নির্ধারণ করে দেখাও। ৪

১১▶ একটি দেশের অর্থবাজার সম্পর্কিত তথ্যসমূহ নিম্নরূপ—
মোট বিহিত অর্থের পরিমাণ (M) = ২০০
অর্থের প্রচলন গতি (V) = ১০
ব্যাংক অর্থের পরিমাণ (M') = ১০০
ব্যাংক অর্থের প্রচলন গতি (V') = ৫
লেনদেনের পরিমাণ (T) = ১০০
ক. মুদ্রা কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণের জন্য ব্যাংক হার কীভাবে কাজ করে? ২
গ. উদ্দীপকের আলোকে দামস্তর (P) নির্ণয় করো। ৩
ঘ. ব্যাংক অর্থের পরিমাণ দ্বিগুণ করা হলে অর্থের মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা করো। ৪

Teachingbd.com

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. মানুষ কীভাবে তার প্রয়োজনীয় অভাব পূরণ করে?**
ক) নির্বাচনের মাধ্যমে খ) ভোগের মাধ্যমে
গ) চোরাচালানের মাধ্যমে ঘ) সঞ্চয়ের মাধ্যমে

**উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
একাদশ শ্রেণির ছাত্র রুম্মান অর্থনীতি বিষয়ের শিক্ষকের কাছ থেকে জানতে পেরেছে যে, পৃথিবীর অনেক দেশে উৎপাদন, ভোগ ইত্যাদি ক্ষেত্রে সরকারি হস্তক্ষেপ অনুপস্থিত। আবার গুটি কয়েক দেশের বণ্টন বিনিময় ইত্যাদি অর্থনৈতিক কর্মকাণ্ড কেন্দ্র কর্তৃক পরিচালিত।

**২. উদ্দীপক অনুসারে পৃথিবীর অনেক দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?**
ক) ধনতান্ত্রিক খ) নির্দেশমূলক
গ) ইসলামি ঘ) মিশ্র

**৩. উদ্দীপক অনুসারে পৃথিবীর গুটি কয়েক দেশের ক্ষেত্রে প্রযোজ্য?**
i. স্বয়ংক্রিয় দাম ব্যবস্থার অনুপস্থিতি
ii. উৎপাদক ও ভোক্তার স্বাধীনতা
iii. শ্রমিকদের স্বার্থরক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪. পরিবর্তক দ্রব্যের চাহিদা কীসের ওপর নির্ভর করে?**
ক) দ্রব্যের দাম খ) দ্রব্যের চাহিদা
গ) দ্রব্যের যোগান ঘ) দ্রব্যের মান

**৫. D = 20 – 4P : একটি চাহিদা সমীকরণ যেখানে P = দাম ও D = চাহিদার পরিমাণ; এখন দ্রব্যটি অবাধলভ্য হলে D = কত হবে?**
ক) 20 খ) 16
গ) 12 ঘ) 0

**৬. $Q_s = 15 + 5p$ যোগান সমীকরণ—**
i. P = অধীন চলক
ii. 15 = ধ্রুবক iii. 5 = সহগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. কোনো দ্রব্যের অতিরিক্ত এক একক উৎপাদনের ফলে যে অতিরিক্ত ব্যয় হয় তাকে কী বলে?**
ক) গড় ব্যয় খ) প্রান্তিক ব্যয়
গ) মোট ব্যয় ঘ) গড় পরিবর্তন ব্যয়

**উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:**
স্বল্পকালে একটি কৃষি ফার্মের ১ বিঘা জমির ফসল উৎপাদন সংক্রান্ত তথ্য দেয়া আছে—

| শ্রম (একক) | মোট উৎপাদন (একক) |
|---|---|
| 1 | 8 |
| 2 | 15 |
| 3 | 21 |
| 4 | 26 |
| 5 | 30 |

**৮. উদ্দীপক অনুযায়ী ৫ একক শ্রম নিয়োগের ক্ষেত্রে প্রান্তিক উৎপাদন কত হবে?**
ক) – 4 খ) 4
গ) 26 ঘ) 30

**৯. উদ্দীপক অনুযায়ী প্রযোজ্য হবে—**
i. ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
ii. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
iii. স্বল্পকালীন সময় বিবেচিত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. একচেটিয়া বাজারে স্বল্পকালে ফার্ম অস্বাভাবিক মুনাফা অর্জন করে যখন তার—**
ক) AR = P = AC খ) AC < AR = P
গ) AR = P > AC ঘ) AR = P > AC

**১১. স্বাভাবিক মুনাফার ক্ষেত্রে ফার্মের ভারসাম্যের জন্য অতিরিক্ত কোন শর্তটি পালিত হবে?**
ক) P = AC খ) P < AC
গ) P > AC ঘ) P = MA

**১২. একচেটিয়া বাজারে—**
i. ফার্ম দাম নিয়ন্ত্রণ করতে পারে
ii. স্বল্পকালে কেবল অস্বাভাবিক মুনাফা অর্জিত হয়
iii. ফার্মের গড় আয় অপেক্ষা প্রান্তিক আয় কম থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৩. শ্রমের মালিক কে?**
ক) ভূস্বামী খ) শ্রমিক
গ) সংগঠক ঘ) শিল্পপতি

**১৪. কখন শ্রমের যোগান রেখা পশ্চাৎগামী হয়?**
ক) মজুরি বৃদ্ধির সাথে শ্রমের চাহিদা হ্রাস পেলে
খ) মজুরি বৃদ্ধির সাথে শ্রমের চাহিদা স্থির থাকলে
গ) মজুরি বৃদ্ধির সাথে শ্রমের যোগান কমলে
ঘ) মজুরি বৃদ্ধির সাথে শ্রমের যোগান বাড়লে

**১৫. রাকিব সাহেবের মাসিক বেতন ২০,১০০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৪৬,৯৭০ টাকা হয় এবং ভোগের জন্য তাঁর মাসিক খরচ ১৫,০০০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০,০০০ টাকা হয়। তাঁর বর্তমান সঞ্চয়ের পরিমাণ কত?**
ক) ৫,০০০ খ) ৫,১০০
গ) ২৬,৮৭০ ঘ) ২৬,৯৭০

**১৬. মূলধন কী?**
ক) উৎপাদনের উৎপাদিত উপাদান
খ) ভোগের ব্যবহৃত উপাদান
গ) সঞ্চয় গঠনের উপাদান
ঘ) প্রাকৃতিকভাবে সৃষ্ট উপাদান

TeachingBD.com

১৭. রংপুর ও কুড়িগ্রামে প্রচুর পাট উৎপাদন হয়। পাটের বীজ কোন ধরনের মূলধন?

ⓚ চলতি ⓚ স্থায়ী
ⓖ আবদ্ধ ⓖ সম্পত্তিগত

১৮. প্রকৃত মজুরি নির্ভর করে যার ওপর—

i. আর্থিক মজুরি
ii. দামস্তর
iii. কাজের সময়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৯. সকলের সমান অধিকার, দায়িত্ব ও অংশীদারিত্বের প্রয়োজন হয় কোন ধরনের সংগঠনে?

ⓚ অংশীদারি কারবার
ⓚ যৌথ মূলধনী কোম্পানি
ⓖ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান
ⓖ সমবায় কারবার

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

পারভেজ ও তার ১০ জন বন্ধু মিলে একটি প্রতিষ্ঠান গড়ে তোলে। তারা শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহ করে এবং পরবর্তীকালে বেশ লাভবান হয়।

২০. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান?

ⓚ পাবলিক লিমিটেড
ⓚ প্রাইভেট লিমিটেড
ⓖ সমবায় কারবার
ⓖ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান

২১. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি উন্নতির জন্য ভূমিকা রাখছে—

i. শেয়ার হস্তান্তর ii. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
iii. অভিজ্ঞ পরিচালনা পর্ষদ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. ব্যক্তির দৃষ্টিকোণ থেকে জমির যোগান কীরূপ?

ⓚ স্থিতিস্থাপক ⓚ দাম বেশি
ⓖ দাম শূন্য ⓖ অস্থিতিস্থাপক

২৩. খাজনা তত্ত্বে প্রান্তিক জমিতে উদ্বৃত্তের পরিমাণ—

ⓚ ধনাত্মক ⓚ অসীম
ⓖ সসীম ⓖ শূন্য

২৪. নিম খাজনা সম্পর্কে বলা হয়—

i. স্বল্পকালীন ধারণা
ii. TR – TVC iii. AR – AVC

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৫. NDP = কী?

ⓚ GDP—CCA ⓚ GNI—NNP
ⓖ GNP—CCA ⓖ GNI—CCA

২৬. বিদেশে কর্মরত দেশীয় নাগরিকদের আয় নিচের কোনটিতে অন্তর্ভুক্ত হয়?

ⓚ GNP ⓚ GDP
ⓖ CCA ⓖ NDP

২৭. আবদ্ধ অর্থনীতির ক্ষেত্রে কোনটি সঠিক নয়?

ⓚ Y = C ⓚ Y = C + I
ⓖ Y = C + I + G
ⓖ Y = C + I + G + (X-M)

২৮. অর্থ সরবরাহ থেকে কোন উপাদান বাদ দিয়ে চাহিদা আমানত পাওয়া যায়?

ⓚ জনগণের হাতের মুদ্রা
ⓚ মেয়াদি আমানত
ⓖ জনগণের হাতের মুদ্রা ও মেয়াদি আমানত
ⓖ কেন্দ্রীয় ব্যাংকের ভল্টে রক্ষিত মুদ্রা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**

'N' ব্যাংকের পরিচালনা পর্ষদ লক্ষ করলেন যে, তাদের দেশে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি অথচ মাথাপিছু আয় কম। এ অবস্থায় তারা দেশের অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উদ্যোগী হলেন।

২৯. 'N' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?

ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚ কেন্দ্রীয় ব্যাংক
ⓖ বিশেষায়িত ব্যাংক
ⓖ ন্যাশনাল ব্যাংক

৩০. অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় 'N' ব্যাংকের গৃহীত পদক্ষেপ হতে পারে—

i. দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা
ii. নোট প্রচলন করা iii. ঋণ নিয়ন্ত্রণ করা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com